রাষ্ট্রপতি ভলোদিমির জেলেনস্কির সাথে প্রধানমন্ত্রীর বার্তালাপ (09 নভেম্বর, 2026)

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ইউক্রেনের রাষ্ট্রপতি মহামহিম শ্রী ভলোদিমির জেলেনস্কির সাথে টেলিফোনে বার্তালাপ করেন।

2. রাষ্ট্রপতি জেলেনস্কি চলমান সংঘাতের সাম্প্রতিক পরিস্থিতি সম্পর্কে তার মতামত তুলে ধরেন।

3. প্রধানমন্ত্রী ভারতের মানবকেন্দ্রিক দৃষ্টিভঙ্গির কথা পুনর্ব্যক্ত করেন এবং আলোচনা ও কূটনীতির মাধ্যমে এই সংঘাত সমাধানের বিষয়ে ভারতের ধারাবাহিক অবস্থান বজায় রাখেন। তিনি সংঘাতের শান্তিপূর্ণ সমাধানের লক্ষ্যে গৃহীত সমস্ত উদ্যোগে অবদান রাখতে ভারতের প্রস্তুতির কথা জানান।

4. দুই দেশের জনগণের পারস্পরিক কল্যাণে বিভিন্ন ক্ষেত্রে ভারত-ইউক্রেন দ্বিপাক্ষিক সহযোগিতা আরও জোরদার করার উপায় সম্পর্কেও উভয় নেতা আলোচনা করেন।

নয়া দিল্লি

09 নভেম্বর, 2026